

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৯১  
আগরতলা, ১২ আগস্ট, ২০২৪

**স্বাধীনতা দিবস উদযাপনের কর্মসূচি**

বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে আগামী ১৫ আগস্ট সারা রাজ্যে স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচি শুরু হবে ১৩ আগস্ট হর ঘর তিরঙ্গা কর্মসূচি পালনের মধ্য দিয়ে। ঐদিন আগরতলায় সুর্যোদয়ের পর প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। ১৫ আগস্ট আগরতলায় মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আসাম রাইফেলস ময়দানে। ঐদিন সকাল ৯টা ১০ মিনিটে আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা। পতাকা উত্তোলনের পর মুখ্যমন্ত্রী স্বশন্ত্র বাহিনীর সেলামী প্যারেড পরিদর্শন করবেন। এর পর তিনি সমর শিক্ষার্থী বাহিনীর ক্যাডেট, আধিকারিক ও বনবিভাগের কর্মীদের পুরস্কার প্রদান করবেন। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর উদ্দেশ্যে বক্তব্য রাখবেন। এরপর অনুষ্ঠিত হবে পিটি ও বর্ণাত্য সাংস্কৃতিক অনুষ্ঠান।

স্বাধীনতা দিবস পালন কর্মসূচির অঙ্গ হিসেবে ১৪ আগস্ট হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে আগরতলার প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল ৬টায় উমাকান্ত একাডেমি প্রাঙ্গণে আয়োজন করা হয়েছে মহিলাদের জন্য ৩ কিলোমিটার এবং পুরুষদের জন্য ৫ কিলোমিটার গুপ্তেন ক্রসকান্ট দৌড় প্রতিযোগিতা। ঐদিন আগরতলা শহরের বিভিন্ন জায়গায় শহর পরিচ্ছন্নতা কর্মসূচির আয়োজন করা হয়েছে।

আগামী ১৫ আগস্ট স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচি শুরু হবে ভোর ৫টায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রভাতফেরীর মাধ্যমে। এই প্রভাতফেরী আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে বিভিন্ন সরকারি এবং বেসরকারি আবাসে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল ৭টায় সচিবালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ। সকাল ৮টায় সার্কিট হাউস সংলগ্ন মুর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মুর্তিতে মাল্যদান করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু। এপর রাজ্যপাল সকাল ৮টা ১৫ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে মাল্যদান করবেন। সকাল ৮টা ৩৫ মিনিটে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু লিচুবাগানস্থিত এলবাট একা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করবেন। বিকাল ৫টায় নতুন রাজ্যবনে ঘৰোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচির অঙ্গ হিসেবে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে আগরতলা টাউনহলে মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*